

১০/০৫/২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
উদ্বৃত্ত কর্মচারী শাখা
www.mopa.gov.bd

নম্বর-০৫.০০.০০০০.১৬৬.২২.০০৩.২০- ২২

তারিখ : ০৫ মাঘ ১৪২৭

২৭ জানুয়ারি ২০২১

পরিপত্র

বিষয় : মন্ত্রণালয়/বিভাগ ও অধীন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থা/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থার এবং কর্পোরেশনের রাজস্বখাতের সরাসরি নিয়োগযোগ্য শূন্য পদ পূরণের লক্ষ্যে ছাড়পত্রের মেয়াদ বর্ধিতকরণ।

- সূত্র : (ক) জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পরিপত্র নং- এমই(এসপি)-৪৪/৮৮ (খন্ড)-৩৫, তাং ১২.০১.১৯৮৯ খ্রি।
(খ) জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পরিপত্র নং-এমই (এসপি)-৪৪/৮৮ (খন্ড)-৪৪৯, তাং ১৩.০৬.১৯৮৯ খ্রি।
(গ) জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পরিপত্র নং- সম(এসপি)-৪৪/৮৮-১৮৪, তাং ১৫.০৩.১৯৯২ খ্রি।
(ঘ) জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পরিপত্র নং- সম(এসপি)-৫৮/৯৯-২১০(৫০), তাং ১০ মে ১৯৯৯ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মন্ত্রণালয়/বিভাগ ও এর অধীনস্থ দপ্তর/পরিদপ্তর/অধিদপ্তর/সংস্থা/স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত সংস্থার/কর্পোরেশনসমূহে বিদ্যমান রাজস্বখাতভুক্ত সরাসরি নিয়োগযোগ্য শূন্য পদ পূরণের পূর্বে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ছাড়পত্র গ্রহণের বিধান প্রচলিত ছিল।

০২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪ নভেম্বর ২০১০ খ্রি. তারিখের ০৫.১৬৬.০২২.০০.০০.০৪৪.১৯৮৮-১৩৫৬(২৫০) নম্বর পরিপত্র মারফত রাজস্বখাতের শূন্য পদ পূরণ দ্রুততর করার লক্ষ্যে কিছু শর্ত সাপেক্ষে শূন্য পদ পূরণের জন্য ছাড়পত্র প্রদানের দায়িত্ব জনপ্রশাসন মন্ত্রণালয় হতে স্ব স্ব প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের নিকট হস্তান্তর করা হয় এবং সরাসরি নিয়োগযোগ্য শূন্য পদের ১০% পদ সংরক্ষণ করতে হবে মর্মে উক্ত পরিপত্রে নির্দেশনা প্রদান করা হয়।

০৩। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৮ মে ২০১৫ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০২৯.১১ (অংশ)-১১৪ (১৫০) নম্বর পরিপত্র অনুযায়ী জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ০৬ (ছয়) মাসের মধ্যে সংরক্ষিত শূন্য পদে উদ্বৃত্ত কর্মচারীকে আত্মীকরণের মাধ্যমে নিয়োগ প্রদান না করে, সেক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ যথাসময়ে উক্ত শূন্য পদে জনবল নিয়োগ করতে পারবে। তবে সংরক্ষিত শূন্য পদ পূরণের পূর্বে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ছাড়পত্র গ্রহণ করতে হবে মর্মে উক্ত পরিপত্রে নির্দেশনা প্রদান করা হয়।

০৪। তথাপি লক্ষণীয় যে, ছাড়পত্র প্রদানের পর শূন্য পদ পূরণে অহেতুক বিলম্ব ঘটে। এ অহেতুক সময়ক্ষেপণে বিভিন্ন ধরনের প্রশাসনিক জটিলতা সৃষ্টি হয়। প্রশাসনিক জটিলতা এড়ানোর জন্য এবং প্রশাসনকে গতিশীলকরণের স্বার্থে রাজস্ব খাতভুক্ত সরাসরি নিয়োগযোগ্য শূন্য পদসমূহ পূরণার্থে ছাড়পত্র আদেশ সংগ্রহের পর নিম্নবর্ণিত প্রক্রিয়া অনুরসণে এবং নির্ধারিত সময়সীমার মধ্যে আবশ্যিকভাবে শূন্য পদসমূহ পূরণ করতে হবে:

(ক) সরকারি কর্ম কমিশন সচিবালয়ের মাধ্যমে পূরণীয় পদসমূহের ক্ষেত্রে ছাড়পত্রের বৈধতার মেয়াদ সর্বোচ্চ ০২ (দুই) বৎসর হবে। তবে সরকারি কর্ম কমিশন সচিবালয় যদি কোন কারণে সুবিধাজনক সময়সীমার মধ্যে সুপারিশ প্রেরণ করতে অসমর্থ হয়, তবে সুপারিশ প্রেরণের পর হতে ০১(এক) বৎসরের মধ্যে পদসমূহ পূরণ করতে হবে;

পরবর্তী পাতা দ্রষ্টব্য/-

পূর্ব পাতার পরে-

(খ) মন্ত্রণালয়/বিভাগ ও অধীনস্থ দপ্তর/পরিদপ্তর/অধিদপ্তর/বিভাগ/জেলা প্রশাসন, উপজেলা প্রশাসন, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত সংস্থা এবং কর্পোরেশন কর্তৃক সরাসরি নিয়োগের ক্ষেত্রে ছাড়পত্রের বৈধতার মেয়াদ সর্বোচ্চ ০১ (এক) বৎসর;


(গ) ছাড়পত্রের বৈধতার মেয়াদের মধ্যে নিয়োগ প্রদানের সকল প্রকার আনুষ্ঠানিকতা সম্পন্ন করে চূড়ান্ত নিয়োগ প্রদান করতে হবে;

(ঘ) নির্দিষ্ট সময়সীমার মধ্যে শূন্য পদ পূরণে অসমর্থ হলে নতুন করে ছাড়পত্র গ্রহণ করতে হবে। তবে এক্ষেত্রে সরকারি কর্ম কমিশন সচিবালয়ের সুপারিশ পুনরায় গ্রহণের প্রয়োজন হবে না;

(ঙ) মন্ত্রণালয়/বিভাগ ও অধীন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থা/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা এবং কর্পোরেশনের রাজস্ব খাতের সরাসরি নিয়োগযোগ্য শূন্য পদে জনবল নিয়োগের ক্ষেত্রে ছাড়পত্র প্রদানের নির্দিষ্ট সময়সীমার মধ্যে পদ পূরণে অসমর্থ হলে এবং নিয়োগ প্রক্রিয়া চলমান থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষের আবেদনের পরিপ্রেক্ষিতে চলমান নিয়োগ কার্যক্রম সম্পন্ন করার জন্য ছাড়পত্র প্রদানকারী প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ ছাড়পত্রের মেয়াদ ০৬ (ছয়) মাস পর্যন্ত বৃদ্ধি করতে পারবে;

০৫। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের পূর্বানুমোদন/ছাড়পত্র প্রাপ্ত সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণযোগ্য শূন্য পদ বর্ণিত সময়সীমা অতিক্রান্ত হবার পর পূরণ করা হলে, তা বিধিসম্মত হবে না। এ ধরনের বিধি বহির্ভূতভাবে নিয়োগ প্রাপ্ত কর্মচারীদের বেতন-ভাতাদি পরিশোধ না করার জন্য সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা ও উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তাদের অনুরোধ করা যাচ্ছে।

০৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



(শেখ ইউসুফ হারুন)

সচিব

বিতরণ :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব, সকল মন্ত্রণালয়/বিভাগ।
- ৩। কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল-এর কার্যালয়, ঢাকা।
- ৪। সচিব, বাংলাদেশ কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ৫। হিসাব মহা নিয়ন্ত্রক, হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা।
- ৬। বিভাগীয় কমিশনার, সকল বিভাগ।
- ৭। জেলা প্রশাসক, সকল জেলা।
- ৮। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, সকল জেলা।
- ৯। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, জেলা-..... (সকল উপজেলা)।